

## ■■ উসূলে ফিক্কহ (ফিক্কহের মূলনীতি)

বিভাগ/অধ্যায়ঃ ইজতেহাদ (الاجتهاد)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

মুজতাহিদের জন্য যা আবশ্যক (ما يلزم المجتهد)

মুজতাহিদের জন্য আবশ্যক হলো, হক্ব জানার ক্ষেত্রে তার সর্বাত্মক চেষ্টায় নিয়োজিত থাকা। তার কাছে যা সত্যরূপে প্রতীয়মান হবে, তদনুযায়ী তিনি হুকুম দিবেন। এতে যদি তিনি সঠিকতায় পৌঁছেন, তাহলে তার জন্য দু'টি ছবওয়াব রয়েছে। একটি ছবওয়াব চেষ্টা করার কারণে আরেকটি ছবাওয়াব হক্ব পাওয়ার কারণে। কেননা, হক্ব প্রাপ্তির মাঝে রয়েছে হক্ককে প্রকাশ করা ও তদনুযায়ী আমল করা। আর যদি তিনি ভুল করেন, তবুও তার জন্য একটি ছবওয়াব রয়েছে এবং ভুলটি ক্ষমার যোগ্য বিবেচিত হবে।

রসূল ছল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী:

إذا حكم الحاكم فاجتهد. ثم أصاب فله أجران. وإذا حكم فاجتهد ثم أخطأ فله أجر

"যখন কোন বিচারক ইজতেহাদ করে ফায়ছালা দেয়। অতঃপর তিনি ফায়ছালায় সঠিক সিদ্ধান্তে পৌঁছলে তার জন্য দু'টি ছবওয়াব রয়েছে। আর ইজতেহাদ করার পরও ভুল করলে তবুও তার জন্য একটি ছবওয়াব রয়েছে।"[1]

যদি তার নিকট সত্য স্পষ্ট না হয়, তাহলে তার জন্য আবশ্যক হলো এ ব্যাপারে ইজতেহাদ স্থগিত রাখা। এ ক্ষেত্রে প্রয়োজনে অন্যের তারুলীদ করাও তার জন্য বিধেয় হবে।

## ফুটনোট

[1]. ছুহীহ বুখারী হা/৭৩৫২, ছুহীহ মুসলিম হা/১৭১৬

Source — https://www.hadithbd.com/books/link/?id=9472

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন